গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম

স্মারক নং : মাউশি/সেসিপ/১-১৮৯/পি.ভি.আর/২০১৫/ ৯৫৭ তারিখ : ০৫.০৮.২০১৫

**বিষয়: SESIP-এর আওতায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের পুলিশ প্রত্যয়ন বিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)-এর আওতায় বিভিন্ন পদে জনবল নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগপত্রের ২(জ) নং শর্তে উল্লেখ রয়েছে যে, চাকুরীতে যোগদানের ৬ (ছয়) মাসের মধ্যে তাঁদের পুলিশ প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে এবং পুলিশ প্রত্যয়নপত্রে বিরূপ মন্তব্য থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরী থেকে অব্যাহতি দেয়া হবে। কিন্তু অধিকাংশ কর্মকর্তা-কর্মচারী উক্ত পুলিশ প্রত্যয়নপত্র অদ্যাবধি সংগ্রহ/প্রেরণ করেননি। উপরন্তু পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরমটি পূরণপূর্বক নিজ জেলার পুলিশ সুপার বরাবরে প্রেরণ না করে অত্র দপ্তরে প্রেরণ করছেন যা কাঙ্খিত নয়। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক পূরণকৃত ফরমটি সংশ্লিষ্ট অফিস প্রধানগণ স্বাক্ষরপূর্বক অগ্রায়ন পত্রসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর নিজ জেলার পুলিশ সুপার বরাবরে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট পুলিশ সুপারগণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন শেষে পূর্ণাঙ্গ প্রতিবেদনটি সরাসরি যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন ইনভেস্টমেন্ট প্রোগ্রাম, শিক্ষা ভবন, ঢাকা বরাবরে প্রেরণ করবেন। উল্লেখ্য, পূর্ণাঙ্গ প্রতিবেদনটি পুলিশ সুপারগণ কর্তৃক অত্র দপ্তরে সরাসরি প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক অগ্রায়নপত্রে উল্লেখ করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

**সংযুক্তি:** পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম ১ ফর্দ।

০৫.০৮.১৫
**রতন কুমার রায় (অতিরিক্ত সচিব)**
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
ফোন: ৯৫৫৩৭১২
e-mail: rkumarroy@gmail.com

১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
২। জেলা শিক্ষা অফিসার (সকল)।
৩। থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**
১। ড. মোঃ মোরশীদুল হাসান, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২), এসপিএসইউ, সেসিপ, ঢাকা।
(সেসিপ-এর ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
২। সেসিপ-এর এর আওতায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী (সকল)।
৩। অফিস কপি

Q:\Admin SESIP\Office Work SESIP\JONOPOTOTYAG.doc

# পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম

সমস্ত দফাগুলির সঠিক উত্তর লিপিবদ্ধ করার জন্য একজন দায়িত্বশীল অফিসার দরখাস্তকারীকে যথাযথভাবে প্রশ্ন করিবেন, কারণ কোন কিছু বাদ গেলে দেরী হওয়ার সম্ভাবনা থাকিতে পারে ও পরিচিতির ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি হইতে পারে।

প্রার্থী যে পদে নিযুক্ত হইবেন সেই পদের নামঃ

১ম ভাগ ঃ (প্রার্থী নিজে পূরণ করিবেন)

১। ডাক নাম থাকিলে তৎসহ পুরা নাম (স্পষ্টাক্ষরে) ও জাতীয়তাঃ

২। পিতার পুরা নাম ও চাকুরীতে থাকিলে পদের নাম এবং জাতীয়তাঃ

৩। বাড়ীর পুরা ঠিকানা ( অর্থাৎ গ্রাম,ডাকঘর, থানা, ও জেলা)ঃ

৪। বর্তমান বাসস্থানের ঠিকানাঃ

৫। প্রার্থী যে সব স্থানে বিগত পাঁচ বৎসরে ছয় মাসের অধিক অবস্থান করিয়াছেন সেই সব স্থানের ঠিকানাঃ

| ঠিকানা | তারিখ হইতে | তারিখ পর্যন্ত |
|---|---|---|
| | | |
| | | |

৬। জন্ম তারিখ ( প্রার্থী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকিলে উক্ত সার্টিফিকেটের বয়স লিখিতে হইবে)ঃ

৭। জন্মস্থান (গ্রাম, থানা, জেলা ইত্যাদি উল্লেখ করিতে হইবে)ঃ

৮। প্রার্থী পনের বৎসর বয়স হইতে যেসব বিদ্যালয়ে ও মহাবিদ্যালয়ে অধ্যায়ন করিয়াছেন সেই সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বৎসর উল্লেখ পূর্বক শিক্ষাগত যোগ্যতাঃ

| বিদ্যালয়, মহাবিদ্যায়ল, বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম | শ্রেনী রোল নম্বর | ভর্তির তারিখ | পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

১৩। প্রার্থীর চরিত্র ও পূর্ব পরিচয় সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিন্তু প্রার্থীর সহিত আত্নীয়তাসূত্রে আবদ্ধ নহেন এমন দুই ব্যক্তির ঠিকানাসহ নাম (সংসদ-সদস্য,প্রথম শ্রেনীর গেজেটেড অফিসার, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক,রিডার, সিনিয়র লেকচারার ও বেসরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ )ঃ

| নাম | ঠিকানা |
|---|---|
| | |
| | |

১৪। বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হইলে বা বিবাহের প্রস্তাব থাকিলে, যাহাকে বিবাহ করা হইয়াছে বা বিবাহ করার প্রস্তাব রহিয়াছে তাহার জাতীয়তা উল্লেখ করিতে হইবে। বিবাহিত, বাংলাদেশী।

আমি শপথ পূর্বক বলিতেছি যে, উপরে পদত্ত বিবরণসমূহ আমার জানামতে সঠিক।

প্রার্থীর স্বাক্ষর

প্রেরণকারী অফিসারের স্বাক্ষর ও পদবী
এবং পুরা ঠিকানা সহ অফিসের নাম ও
তারিখ।

৯। অফিসে বা ব্যবসা প্রতিষ্ঠানে প্রার্থী চাকুরী করিয়া থাকিলে উহার পূর্ন বিবরণ ও ঠিকানা এবং সেইগুলি পরিত্যাগের কারণঃ

| অফিস/ ব্যবসা প্রতিষ্ঠান | তারিখ হইতে | তারিখ পর্যন্ত | পরিত্যাগের কারণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে পার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে অব্যাহতি সার্টিফিকেটে লিপিবদ্ধ চাকুরীর মেয়াদ কি কি দায়িত্ব পালন করিয়াছেন এবং চরিত্র আচার ব্যবহার সম্পর্কিত রিপোর্টের সংশ্লিষ্ট বিবরনাদি উল্লেখ করিতে হইবে।

বাংলাদেশ স্বাধীনতা সংগ্রামে মুক্তিযোদ্ধা হিসাবে কোন প্রার্থী পূর্বে কাজ করিয়া থাকিলে এই মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংগে দিতে হইবে।

টীকাঃ- সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সন্তুষ্ট হইতে হইবে যে, উল্লিখিত ভূতপূর্ব সামরিক কর্মচারীদের অব্যাহতি সার্টিফিকেট এবং ভূতপূর্ব মুক্তিযোদ্ধাদের সার্টিফিকেট সন্তোষজনক।

১০। ফৌজাদারী, রাজনৈতিক বা অন্য কোন মামলায় গ্রেপ্তার , অভিযুক্ত বা দন্ডিত এবং নজরবন্দী বা বহিস্কৃত হইয়াছেন কিনা, হইয়া থাকিলে তারিখসহ পূর্ন বিবরণ দিতে হইতেঃ

১১। নিকট আত্নীয়-স্বজনের কেহ অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা শশুরের দিকের নিকট আত্নীয়-স্বজন বাংলাদেশের সরকারের চাকুরীতে নিযুক্ত থাকিলে, পদের নাম ও কর্মস্থান উল্লেখ পূর্বক পূর্ন বিবরণঃ

| আত্নীয় - স্বজনের নাম | পদের নাম | কর্মস্থান |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

১২। প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বশেষ অধ্যায়ন করিয়াছেন উহার প্রধানের নিকট হইতে একটি চরিত্রগত সার্টিফিকেট এই সংগে দিতে হইবে।

২য় ভাগ

(জেলা স্পেশাল পুলিশ সুপারিনটেনডেন্ট/ বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেকক্টর জেনারেল অব পুলিশ পূরণ করিবেন)।

---

উপযুক্ত

নিম্নোক্ত কারণের জন্য অনুপযুক্তঃ

স্থান ----------

তারিখ----------------------------------------

--------------------------------------

পুলিশ সুপারিনটেনডেন্ট, জেলা স্পেশাল
ব্রাঞ্চ/ ডেপুটি ইন্সপেক্টর -জেনারেল অব পুলিশ,
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ

---

টীকাঃ - প্রত্যয়নে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর-জেনারেল অব পুলিশ জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি ফেরৎ পাঠাইবেন।

কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ডে কোন তথ্য পাওয়া যায় তাহা হইলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর - জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি ফেরৎ পাঠাইবেন।

প্রতিস্বাক্ষরিত.......................................
ডেপুটি ইন্সপেক্টর -জেনারেল অব পুলিশ,
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ, ঢাকা।

বা: স: মু ৮৮/৮৯-৬১০১-এ-১৯৮৯